দৈনিক
ইত্তেফাক

তারিখ . 12 .DEC. 2017 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# ছয়টি কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা মহানগরীর বিভিন্ন জায়গায় অবৈধ ও অননুমোদিত সাইনবোর্ড, পোস্টার, ফেস্টুন, ওভারহেড সাইনবোর্ড অপসারণ না করায় ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) ৬টি কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করেছে। মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ট্রেড লাইসেন্স বাতিল করা কোচিং সেন্টারগুলো হচ্ছে ফার্মগেটের ইউসিসি কোচিং সেন্টার, ইউনিএইড কোচিং সেন্টার, আইকন কোচিং সেন্টার, আইকন প্লাস কোচিং সেন্টার, ওমেগা কোচিং সেন্টার এবং প্যারাগন কোচিং সেন্টার। অবৈধভাবে পোস্টার লাগানোর বিষয়ে এই কোচিং সেন্টারগুলোকে ইতোপূর্বে সতর্ক করা হয়েছিল। তাছাড়া বিভিন্ন সময়ে দেয়াল লিখন ও পোস্টার নিয়ন্ত্রণ আইন ২০১২ অনুযায়ী বিভিন্ন কোচিং সেন্টারের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এরপরও সংশোধিত না হওয়ায় তাদের ট্রেড লাইসেন্স বাতিল করা হয়।

প্রসঙ্গত, সম্প্রতি বিভিন্ন কোচিং সেন্টারের বিরুদ্ধে নানা অভিযোগ উঠেছে। এসব অভিযোগের মধ্যে প্রশ্ন ফাঁসের মতো গুরুতর অভিযোগও রয়েছে। এছাড়া শিক্ষকরা ক্লাসরুমে পাঠদান না করে কোচিং সেন্টারগুলোতে সময় দেন। এসব অভিযোগের তদন্ত করছে খোদ দুর্নীতি দমন কমিশন (দুদক)।